



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৯/০৩/২০১৭খ্রি:

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে ববি উপাচার্যের অভিনন্দন

শ্রীলঙ্কার বিপক্ষে নিজেদের শততম ‘জয় বাংলা কাপ টেস্ট’ ম্যাচে জয়লাভের মাধ্যমে টেস্ট ইতিহাসে ৪র্থ দল হিসেবে ঐতিহাসিক গৌরব অর্জন করায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় বলেন, টাইগারদের এই ঐতিহাসিক জয়ে ১৬ কোটি বীর বাঙালীর সাথে আমিও গর্বিত এবং অভিভূত। এই জয় ১৬ কোটি বাঙালীর জয়, জয় বাংলা। তিনি আরও বলেন, শততম টেস্টে জয় লাভের মাধ্যমে বাংলাদেশ দল ক্রিকেট বিশ্বের অন্যতম পরাশক্তি অস্ট্রেলিয়া, পাকিস্তান ও ওয়েস্ট ইন্ডিজ এর করা পূর্বের মাইল ফলক স্পর্শ করল যা ভারত, ইংল্যান্ড ও দক্ষিণ আফ্রিকার মত বিশ্বসেরা দলগুলোও করতে পারেনি। উপাচার্য মহোদয় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এই জয়ের ধারা অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
(b.university.pro@gmail.com)